

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৯০১

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ আল্লাহর প্রিয় বন্ধুদের কারামত (অলৌকিক কর্মকাণ্ড) এবং তাঁদের মাহাত্ম্য

## আরবী

وَ عَنْ عُرْوَةَ بِنِ الزُّبِيرِ: أَنَّ سَعِيدَ بِنَ زَيدِ بِنِ عَمرِو بِنِ نُفَيلِ خَاصَمَتُهُ أَرْوَى بِنْتُ أَوْسٍ إِلَى مَرْوَانَ بِنِ الحَكمِ وَادَّعَتْ أَنَّهُ أَخَذَ شَيْئاً مِنْ أَرْضِهَا فَقَالَ سَعِيدٌ: أَنَا كُنْتُ آخُذُ شَيئاً مِنْ أَرْضِهَا بَعْدَ الَّذِي سَمِعْتُ مِنْ رَسُولِ اللهِ عَلَيْ قَالَ: مَاذَا سَمِعْتَ مِنْ رَسُولِ اللهِ عَلَيْ قَالَ: مَاذَا سَمِعْتَ مِنْ رَسُولِ اللهِ عَلَيْ الله عَلَيْ اللهُ عَلَيْ اللهُ عَلْ الله عَلَيْ الله عَلَيْ الله عَلَيْ الله عَلِيدٌ: اَللّهُمَّ إِنْ كَانَتْ كَاذِبَةً فَأَعْم بَصِرَهَا وَاقْتُلْهَا فِي أَرْضِهَا قَالَ: فَمَا مَاتَتْ حَتَّى ذَهَبَ بَصِرُهَا وَبَيْنَمَا هِيَ تَمْشِي فَقَالَ لَهُ مَرْوَانُ : لاَ أَسْأَلُكَ بَيّنَةً بَعْدَ هٰذَا فَقَالَ سَعِيدٌ: اَللّهُمَّ إِنْ كَانَتْ كَاذِبَةً فَأَعْم بَصِرَهَا وَاقْتُلْهَا فِي أَرْضِهَا قَالَ: فَمَا مَاتَتْ حَتَّى ذَهَبَ بَصِرُهَا وَبَيْنَمَا هِيَ تَمْشِي فَقَالَ لَهُ مَرْوَانُ : لاَ أَسْأَلُكَ بَيّنَةً بَعْدَ هٰذَا فَقَالَ سَعِيدٌ: اَللّهُمَّ إِنْ كَانَتْ كَاذِبَةً فَا أَرْضِهَا إِذْ وَقَعَتْ فِي أَرْضِهَا إِذْ وَقَعَتْ فِي مُواتَتْ مَتفق عَلَيْهِ وَفَي رَوَايَةٍ لِمُسْلِمٍ عَن مُحَمَّد بِن زَيد بِن عَبدِ اللهِ بِن عُمَرَ بِمَعْنَاهُ وَأَنَّهُ رَآهَا عَمْيَاءَ وَفِي رَوَايَةٍ لِمُسْلِمٍ عَن مُحَمَّد بِن زَيد بِن عَبدِ اللهِ بِن عُمَرَ بِمَعْنَاهُ وَأَنَّهُ رَآهَا عَمْيَاءَ وَفِي رَوَايَةٍ لِمُسْلِمٍ عَن مُحَمَّد بِن زَيد بِن عَبدِ اللهِ بِن عُمَرَ بِمَعْنَاهُ وَأَنَّهُ رَآهَا عَمْيَاءَ وَلَيَةً لِمُسْلِم عَن مُحَمَّد بِن زَيد بِن عَبدِ اللهِ بن عُمَرَ بِمَعْنَاهُ وَأَنَّهُ رَآهَا عَمْيَاءَ وَلَوَاتَتْ فِيهَا وَكَانَتْ قَيْمَ وَكَانَتْ قَيْمَ وَلَا لَا لَا لَاللهُ فَوَقَعَتْ فِيهَا وكانت قَبْرَها

## বাংলা

(২৯০১) উরওয়াহ বিন যুবাইর হতে বর্ণিত, সাঈদ ইবনে যায়দ ইবনে আমর ইবনে নুফাইল (রাঃ) এর বিরুদ্ধে আরওয়া বিনতে আওস নামক এক মহিলা মারওয়ান ইবনে হাকামের দরবারে মোকাদ্দামা পেশ করল; সে দাবি জানাল যে, 'সাঈদ আমার কিছু জমি আত্মসাৎ করেছেন।' সাঈদ বললেন, 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে (এ বিষয়ে ধমক) শোনার পরও কি আমি তার কিছু জমি দাবিয়ে নিতে পারি?' মারওয়ান বললেন, 'আপনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে কি (ধমক) শুনেছেন?'

তিনি বললেন, 'আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি যে, ''যে ব্যক্তি অন্যায়ভাবে কারো এক বিঘত জমি দাবিয়ে নেবে, (কিয়ামতের দিনে) সাত তবক যমীন তার গলায় লটকে দেওয়া হবে।'' এ কথা শুনে মারওয়ান বললেন, 'এরপর আমি আপনার কাছে কোন প্রমাণ তলব করব না।' সুতরাং সাঈদ (বাদী পক্ষীয়) মহিলার প্রতি বন্দুআ ক'রে বললেন, 'হে আল্লাহ! এ মহিলা যদি মিথ্যাবাদী হয়, তাহলে ওর চক্ষু অন্ধ ক'রে



দাও এবং ওকে ওর জমিতেই মৃত্যু দাও।'

বর্ণনাকারী বলেন, 'মহিলাটির মৃত্যুর পূর্বে দৃষ্টিশক্তি হারিয়ে গিয়েছিল এবং একবার সে নিজ জমিতে চলছিল। হঠাৎ একটি গর্তে পড়ে মারা গেল।'

মুহাম্মাদ বিন যায়দ বিন আব্দুল্লাহ বিন উমার কর্তৃক মুসলিমের অনুরূপ এক বর্ণনায় আছে, তিনি তাকে দেখেছেন, সে অন্ধ অবস্থায় দেওয়াল হাতড়ে বেড়াত। বলত, 'আমাকে সাঈদের বন্দুআ লেগে গেছে।' আর সে যে জায়গার ব্যাপারে সাঈদের বিরুদ্ধে মিথ্যা নালিশ করেছিল, সেই জায়গার এক কুঁয়াতে পড়ে গিয়ে সেটাই তার কবর হয়ে গেছে!

## ফুটনোট

(বুখারী ৩১৯৮, মুসলিম ৪২১৮-৪২১৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উরওয়াহ বিন যুবাইর (রহ,)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন